



ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা
১০০০

Job Category: Teaching/Academics

Job Source: ১০০০ ১০০০০০০

Job Summary

Posted On: 7 Oct 2024

Application Deadline: 8 Dec 2024



ঢাকা বিশ্ববিদ্যালয় : রসায়ন বিভাগে ০১ (এক) টি স্থায়ী অধ্যাপক ও ০১ (এক) টি স্থায়ী সহযোগী অধ্যাপক পদ পূরণের জন্য রেজিস্ট্রারের দপ্তর হতে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশি নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। বেতন স্কেল: ১) অধ্যাপক; ৫৬,৫০০-৭৪,৪০০/- টাকা (জাতীয় বেতন স্কেল-২০১৫)।

২) সহযোগী অধ্যাপক : ৫০,০০০-৭১,২০০/- টাকা (জাতীয় বেতন স্কেল-২০১৫)।

অধ্যাপক এর যোগ্যতা : প্রার্থীদের রসায়ন বিষয়ে উচ্চতর শিক্ষাগত যোগ্যতাসহ বিশিষ্ট পণ্ডিত হতে হবে এবং সংশ্লিষ্ট বিষয়ে অবশ্যই পিএইচ.ডি ডিগ্রি থাকতে হবে। তাদেরকে অবশ্যই বিশ্ববিদ্যালয়ে কমপক্ষে ১২ (বারো) বছরের শিক্ষাদানের অভিজ্ঞতা থাকতে হবে এবং ইন্ডেক্সড/ডিওআই (ডিজিটাল অবজেক্ট আইডেন্টিফায়ার) সংবলিত মানসম্মত জার্নালে কমপক্ষে ১২ (বারো) টি গবেষণা প্রকাশনা থাকতে হবে। প্রিডেটোরি জার্নালে প্রকাশিত কোনো প্রবন্ধ গ্রহণ করা হবে না। সংশ্লিষ্ট নোট এবং শর্তাবলি প্রযোজ্য (বিস্তারিত জানতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট দেখুন)।

সহযোগী অধ্যাপক এর যোগ্যতা : প্রার্থীদের স্বনামধন্য বিশ্ববিদ্যালয় হতে রসায়ন বিষয়ে উচ্চতর শিক্ষাগত যোগ্যতাসহ পিএইচ.ডি ডিগ্রি থাকতে হবে। তাদেরকে অবশ্যই বিশ্ববিদ্যালয়ে কমপক্ষে ০৭ (সাত) বছরের শিক্ষাদানের অভিজ্ঞতা থাকতে হবে বা স্বনামধন্য গবেষণা প্রতিষ্ঠানে গবেষণা/বৈজ্ঞানিক কর্মকর্তা বা সমমান পদে কমপক্ষে ১৪ (চৌদ্দ) বছরের গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীদের ইন্ডেক্সড/ডিওআই (ডিজিটাল অবজেক্ট আইডেন্টিফায়ার) সংবলিত মানসম্মত জার্নালে কমপক্ষে ০৭ (সাত) টি গবেষণা প্রকাশনা থাকতে হবে। প্রিডেটোরি জার্নালে প্রকাশিত কোনো প্রবন্ধ গ্রহণ করা হবে না। সংশ্লিষ্ট নোট এবং শর্তাবলি প্রযোজ্য (বিস্তারিত জানতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট দেখুন)।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ১,০০০/- (এক হাজার) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সার্টিফিকেট, মার্কশিট, প্রশংসাপত্র ও অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ১১ (এগারো) কপি দরখাস্ত অধ্যাপক পদের জন্য ০৮/১২/২০২৪ তারিখের মধ্যে এবং সহযোগী অধ্যাপক পদের জন্য ০৬/১১/২০২৪ তারিখের মধ্যে রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০ এর নিকট পৌছাতে হবে। চাকরির প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত প্রেরণ করতে হবে।

ডিজি-১৬২৫/২৪ (৬'x৩)